Government of West Bengal

OFFICE OF THE SUB-DIVISIONAL LAND & LAND REFORMS OFFICER, SADAR, COOCH BEHAR

মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ,সদর,কোচবিহার,

Sagar Dighi Complex, P.O.: Cooch Behar, Dist.: Cooch Behar, Pin: 736101, West Bengal
Phone : (03582) 228633,Fax : (03582) 228633 # e-mail : sdllrosadar.cob@gmail.com

Memo. No. LM/ 763 /IV-26/SDLLRO/Sadar/COB/2017, *Date -29 /06/2017.*

To

1. *The District Magistrate, Coochbehar.*
2. *The Superintendent of Police, Coochbehar.*
3. *The A.D.M. & District Land & Land Reforms Officer, Coochbehar.*
4. *The Addl. Executive Officer, Coochbehar Zilla Parishad, Coochbehar.*
5. *The Sub-Divisional Officer, Sadar Coochbehar.*

6-7. *The Block Development Officer, Coochbehar-I/Coochbehar-II.*
8-9. *The Savapati, Panchayet Samity, Coochbehar-I/Coochbehar-II.*
10. *The Assistant Register, Co-Operative Societies, Coochbehar.*
11-12. *The Block Land & Land Reforms Officer, Coochbehar-I/Coochbehar-II.*

Sub: Open Second Auction of Hanskhawa Ferry Ghat for the year 1424 B.S.

It is to inform you that the following Ferry Ghat will be put on open second auction for lease settlement for the year 1424 B.S. as per the schedule given below:

Sl.No.	*Name of Ghat & S.T. No.*	*Date & Time of Auction*	*Venue of Auction*
01.	*Hanskhawa Ferry Ghat, S.T. No.34.*	*20.07.2017, 11 A.M.*	*S.D.L. & L.R.O's Office, Sadar, Coochbehar.*

The Copy of the relevant notice is enclosed herewith for your kind information and taking necessary action.

***Enclo:** As stated above.*

Sd/-
Sub-Divisional Land & Land Reforms Officer,
Sadar, Coochbehar.

Memo. No. LM/ 763/1(2) /IV-26/SDLLRO/Sadar/COB/2017, *Date -29 /06/2017.*

Copy forwarded to:

01. The D.I.O. ,NIC, Coochbehar with a request to publish the same in the Dist. Website (Soft Copy of the said notice is enclosed.)
02. The Inspector-in-Charge, Kotwali Police Satation, Sadar, Coochbehar with a request to provide adequate number of Police Forces on the stipulated date, time & venue for the smooth running of the said auction programme.

***Enclo:** As stated above.*

29.06.17
Sub-Divisional Land & Land Reforms Officer,
Sadar, Coochbehar.

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE SUB-DIVISIONAL LAND & LAND REFORMS OFFICER
SADAR, COOCH BEHAR.
Sagar Dighi Complex,P.O : Cooch Behar,Dist.: Cooch Behar,Pin: 736101,West Bengal
Phone:(03582)228633,Fax:(03582) # e-mail: sdllro.sadarcob@gmail.com

দ্বিতীয় ডাকের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, কোচবিহার জেলার ভূমি ও ভূমি সংস্কার বিভাগ অধীনস্থ নিম্ন তপশিল বর্ণিত ফেরী ঘাট সমূহ (Public Ferry) ১৮৮৫ ইং বঙ্গীয় ফেরীজ অ্যাক্ট অনুসারে বাংলা ১৪২৪ সনের জন্য নিম্ন তপশিল বর্ণিত স্থান, তারিখ ও সময় অনুসারে প্রকাশ্য নীলাম ডাক হইবে। উক্ত নীলাম ডাকে পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার বিধি ১৯৯১(সংশোধিত) অনুসারে যে সমস্ত সমবায় সমিতি ও অংশীদারী সংস্থা অংশগ্রহন করিবেন তাহাদিগকে অবশ্যই ভারতীয় নাগরিক হইতে হইবে এবং তাহাদের হেপাজতে অবশ্যই নির্দিষ্ট সংখ্যক মাড় ও নৌকা যথা ২(দুই) খানা মাড়, ডাক পারাপারের নৌকা একখানা ও অন্যান্য লোক পারাপারের নৌকা ২(দুই) খানা থাকতে হইবে। সকল ডাককারীকে উক্ত মাড় ও নৌকাগুলি সংশ্লিষ্ট ব্লক/মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের পরিদর্শনার্থে তাহাদের নির্দেশ মাত্র তাহার হেপাজতে দর্শাইতে না পারিলে তাহার সর্ব্বোচ্চ ডাক বাতিল করার ক্ষমতা বলবৎ থাকবে। সর্ব্বোচ্চ ডাককারীকে উক্ত ডাকের সম্পূর্ণ টাকা ডাক সমাপ্তি ঘোষনার সঙ্গে সঙ্গে সরকারকে নগদ দিতে হইবে।

প্রকাশ থাকে যে, নীলাম ডাকে অংশগ্রহন করিতে ইচ্ছুক অংশগ্রহনকারীকে মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের নিকট ৫০,০০০/- টাকা নগদে জমানত হিসাবে জমা দিতে হইবে। অন্যথায় নীলামে অংশগ্রহন করিতে দেওয়া হইবে না। নীলাম শেষে জামানতের টাকা ফেরৎ পাইবেন। আরও প্রকাশ থাকে যে, ডাক সমাপ্তি হইলেই এবং ডাকের সমস্ত টাকা জমা দিলেও সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত উক্ত বৎসরের জন্য ডাককারীর সংশ্লিষ্ট ফেরী ঘাটের উপর কোন প্রকার অধিকার বর্তাইবে না।

ডাকের সম্পূর্ণ টাকা এবং তৎসহ জামানতের টাকা একযোগে সরকারকে জমা দেওয়ার পর অনুমোদিত ডাককারী প্রয়োজনীয় ষ্ট্যাম্প (Stamp Duty) দিয়া সংশ্লিষ্ট ফেরী ঘাটের বন্দোবস্তের চুক্তিপত্র নিজ খরচে রেজিষ্ট্রি করিয়া লইবে। অন্যথায় তাহাকে ফেরী ঘাট দখল দেওয়া যাইবে না এবং পূর্বে জমা দেওয়া সমস্ত টাকা সরকার কর্তৃক বাজেয়াপ্ত করা হইবে এবং তাহার সহিত ঘাটের আর কোনরূপ বন্দোবস্ত হইবে না।

প্রকাশ থাকে যে, যদি কোন ডাককারী নীলাম ডাকের টাকা জমা না করেন অথবা তৎসহ জামানতের টাকা কর্তৃপক্ষের নির্দেশানুসারে, সময় মত জমা না দেন বা চুক্তিপত্র সম্পাদন না করেন বা নির্দিষ্ট সংখ্যক মাড় ও নৌকা অধস্তন ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের পরিদর্শনার্থে নির্দিষ্ট তারিখে প্রস্তুত রাখিতে না পারেন এবং তৎজন্য ফেরীঘাট যদি নীলামে তোলা হয় এবং পরবর্তী নীলাম ডাকের টাকা পূর্ববর্তী নীলাম ডাকের টাকার তুলনায় কম হয়, যত টাকা কম হইবে তাহা পূর্ব নীলামকারীর নিকট হইতে আদায় যোগ্য হইবে।

যদি সংশ্লিষ্ট ফেরী ঘাটের উপর সরকার কর্তৃক নৌকা ফেরার বা শীতকালীন পুল বা সাঁকো তৈরী করা হয় তাহা হইলে উক্ত পুল বা সাঁকোর উপর দিয়া যাতায়াতকারী জনসাধারনের বা যানবাহনাদি প্রভৃতির জন্য কোন প্রকার মাশুল আদায় করা চলবে না এবং উক্ত সময়ের জন্য সরকারের নিকট হইতে কোন প্রকার ক্ষতি পূরন (Compensation) বা (Commission) দাবি করা চলিবে না।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য........

ফেরী ঘাটের নীলাম গ্রহণকারীকে নিম্ন লিখিত শর্তগুলি অবশ্যই পালন করিতে হইবে। অন্যথায় আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১) ইজারাগণকে অবশ্যই নিবন্ধিকৃত সমবায় সংস্থা হইতে হইবে।

২) অনুমোদিত ইজারাগণকে ফেরী ঘাটের মাশুল আদায়ের অনুমোদিত নিরিখনামা দুইটি বোর্ডে (কাঠ বা টিন) পাকাপোক্ত ভাবে লিখিয়া তাহা জনসাধারণের অবগতির জন্য ফেরী ঘাটের উভয় তীরে প্রকাশ্য স্থানে টাঙ্গাইয়া রাখিতে হইবে। তৎসহ প্রথম নৌকা ছাড়ার এবং বন্ধ করার সময় ও বিরতির সময় বোর্ডে উল্লেখ করিতে হইবে।

৩) ইজারাদারগণ মাশুল আদায়ের রসিদ দিতে বাধ্য থাকিবেন।

৪) উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা নৌকা নিবন্ধিকরণ বা রেজিস্টার করিতে হইবে।

৫) সংশ্লিষ্ট মাঝিগণের নামের তালিকা ও মোবাইল নং সহ উক্ত ঘাটের উভয় দিকের বোর্ডে প্রদর্শিত হইবে।

৬) জীবন রক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সহ নৌকার ব্যবস্থা রাখিতে হইবে।

৭) নৌকার নম্বর সহ যাত্রী বহন করার সামর্থ্য নৌকায় লিখতে হইবে।

৮) ঘাট মালিককে রেজিস্ট্রির ব্যবস্থা রাখিতে হইবে।

৯) যে কোন দুর্ঘটনা মোকাবিলা করার জন্য একটি নৌকা রাখিতে হইবে।

অনুমোদিত ইজারাগণ ঘাট পারাপারের নির্দিষ্ট স্থান পর্যন্ত জনসাধারনের সুবিধার জন্য ঘাটের উভয় তীরের রাস্তা বৎসরের সব সময়ের জন্য ঠিক রাখিবার দায়িত্ব নিজ ব্যয়ে বহন করিবেন। পারাপারের ঘাটের উভয় তীরে যাত্রী সাধারনের জন্য উপযুক্ত বিশ্রামাগার নিজ ব্যয়ে প্রস্তুত করিতে হইবে।

অন্যান্য শর্তাবলী ও নিয়মাবলী যাহা ১৮৮৫ ইং সালে বঙ্গীয় ফেরীজ অ্যাক্ট অনুযায়ী প্রযোজ্য সেই সমস্ত বিষয় জানিয়া শুনিয়া ডাককারী নীলামে অংশগ্রহন করিয়াছেন বলিয়া ধরিয়া লওয়া হইবে।

যদি কোন সমবায় সমিতি বা অংশীদারী সমিতি (Partnership Firm) না পাওয়া যায় তাহা হইলে উর্দ্ধতন কর্তপক্ষের সম্মতিক্রমে কোন ব্যক্তি বিশেষের সঙ্গে বন্দোবস্ত করা হইবে।

	ঘাটের বিবরণ	নীলামের তারিখ	স্থান
১)	হাঁস খাওয়া ঘাট এস.টি, নং-৩৪	ইং ২০.০৭.২০১৭. সময় : দুপুর ১২ ঘটিকা।	মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের করণ, সদর, কোচবিহার।

২৭.০৬.১৭

মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীক,
সদর, কোচবিহার।